দৈনিক ইত্তেফাক

MAY 16 2002

১৮ - ৪

## চিলাহাটি সরকারী কলেজ

# শিক্ষকরা যান বেতনের দিন ছাত্র-ছাত্রীরা পরীক্ষার দিন

ডোমার (নীলফামারী) থেকে সংবাদদাতা ॥ ডোমার উপজেলার ব্যবসা প্রসিদ্ধ সীমান্ত চিলাহাটিতে ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত কলেজটির ১৯৮৭ সালে সরকারীকরণ করা হয়। ডিগ্রী পর্যায়ের কলেজটিতে প্রায় ৪শত ছাত্র-ছাত্রী অধ্যয়নরত। কলেজটিতে মোট ৩২ জন শিক্ষকের পদ থাকলেও কর্মরত রয়েছেন মাত্র ১২ জন। ইংরেজী, পৌরনীতি, অর্থনীতি, সমাজবিজ্ঞান, গণিত, জীববিদ্যাসহ ৬টি বিষয়ে কোন শিক্ষক নেই দীর্ঘদিন থেকে। এ অবস্থায় কলেজের পাঠক্রম ব্যাহত হচ্ছে। কলেজ ক্যাম্পাসে ছাত্র-ছাত্রীদের কোন পদচারণা নেই। বিরান ভূমির মতো পড়ে আছে বিশাল কলেজ চত্বর। কর্মরত শিক্ষকদের বেশীরভাগই থাকছেন গরহাজির। কলেজের কোন শিক্ষা পরিবেশ নেই। নেই ছাত্র-ছাত্রীদের উপস্থিতি। পরীক্ষার সময় শুধু ছাত্র-ছাত্রীদের দেখা মেলে। কর্মরত শিক্ষক-কর্মচারীরা যে যার ইচ্ছেমতো কলেজে আসেন-যান। শিক্ষার পরিবেশের সাথে সাথে ভেঙ্গে পড়েছে প্রশাসনিক ব্যবস্থাও। সবকিছুই চলছে ঢিমেতালে। কলেজ ক্যাম্পাসে বহিরাগত গাঁজাখোর, জুয়াড়ীদের সামনে আনা-গোনা। কলেজের কক্ষেই বসে জুয়ার আসর। চলে দিন রাত। জুয়াড়ীরা কাউকেই তোয়াক্কা করে না। কলেজ কর্তৃপক্ষ একাধিকবার তাদের বিতাড়িত করার উদ্যোগ নিয়ে ব্যর্থ হয়েছেন। ৪৮ সিটের একটি ছাত্রাবাস পরিণত হয়েছে নেশাখোরদের নিরাপদ আস্তানায়। অধ্যক্ষের পদ শূন্য। কলেজ পরিচালিত হচ্ছে ভারপ্রাপ্ত অধ্যক্ষ দিয়ে। কলেজের একটি সূত্র অনুযায়ী কোন শিক্ষককে নিয়োগ দিলেই শুরু হয় তদ্বির। কেউ কেউ কাজে যোগ দিয়েই হাওয়া হয়ে যান। অনেকে বেতন নিতে আসেন মাস শেষে।